গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৭.২০১৫-৭০ তারিখঃ ২৬/০১.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ জি এম মকবুল হোসেন (৪০৩৫০), সহযোগী অধ্যাপক (ভাসকুলার সার্জারী), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ জি এম মকবুল হোসেন (৪০৩৫০) ১৩'শ বিসিএস এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে ২৫.০৪.১৯৯৪ তারিখে সহকারী সার্জন হিসেবে সরকারি চাকুরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রকল্পে সহকারী অধ্যাপক পদে নিয়োগ প্রাপ্ত হয়ে ও রাজস্ব খাতের পূর্বপদ হতে অব্যাহতি প্রাপ্ত হয়ে গত ২৩.০৯.২০০৩ তারিখে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে যোগদান করেন;

যেহেতু, আপনি প্রকল্পে নিয়োগ প্রাপ্ত হয়ে এবং ক্যাডারভূক্ত কর্মকর্তা না হয়েও ১৩'শ বিসিএস এর একজন কর্মকর্তা হিসেবে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির আবেদন করেন এবং স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশের আলোকে আপনাকে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করা হয়;

যেহেতু, তথ্য গোপন করে আপনার পদোন্নতি প্রাপ্তির বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন প্রকল্পে নিয়োগের বিষয়টি গোপন করে সহযোগী অধ্যাপক পদে আপনার পদোন্নতি পাওয়ার বিষয়টি প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

ডাঃ জি এম মকবুল হোসেন (৪০৩৫০)
সহযোগী অধ্যাপক (ভাসকুলার সার্জারী)
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
(যোগাযোগ ঠিকানাঃ-ফ্ল্যাট-৪/এ, হোল্ডিং নং-৩১৫, রোড নং-২, আদাবর, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৭.২০১৫-৭০/১(৬) তারিখঃ ২৬/০১.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
৩। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
৪। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

২৬/০১/২০১৬

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

আপনি ডাঃ জি এম মকবুল হোসেন (৪০৩৫০) ১৩'শ বিসিএস এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে ২০.১২.১৯৮৯ তারিখে সহকারী সার্জন হিসেবে সরকারি চাকুরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রকল্পে সহকারী অধ্যাপক পদে নিয়োগ প্রাপ্ত হয়ে ও রাজস্ব খাতের পূর্বপদ হতে অব্যাহতি প্রাপ্ত হয়ে গত ২৩.০৯.২০০৩ তারিখে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে যোগদান করেন;

আপনি প্রকল্পে নিয়োগ প্রাপ্ত হয়ে এবং ক্যাডারভুক্ত কর্মকর্তা না হয়েও ১৩'শ বিসিএস এর একজন কর্মকর্তা হিসেবে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির আবেদন করেন এবং স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশের আলোকে আপনাকে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করা হয়;

তথ্য গোপন করে আপনার পদোন্নতি প্রাপ্তির বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন প্রকল্পে নিয়োগের বিষয়টি গোপন করে সহযোগী অধ্যাপক পদে আপনার পদোন্নতি পাওয়ার বিষয়টি প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি আপনার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' দায়ে অভিযুক্ত হয়েছেন।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৬.২০১৫- ৭২

তারিখঃ ২৫.০১.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ কাজী আবুল হাসান (৩১২১১), সহযোগী অধ্যাপক (পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারী), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ কাজী আবুল হাসান (৩১২১১) ৮ম বিসিএস এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে ২০.১২.১৯৮৯ তারিখে সহকারী সার্জন হিসেবে সরকারি চাকুরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রকল্পে সহকারী অধ্যাপক পদে নিয়োগ প্রাপ্ত হয়ে ও রাজস্ব খাতের পূর্বপদ হতে অব্যাহতি প্রাপ্ত হয়ে গত ২৩.০৯.২০০৩ তারিখে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে যোগদান করেন;

যেহেতু, আপনি প্রকল্পে নিয়োগ প্রাপ্ত হয়ে এবং ক্যাডারভুক্ত কর্মকর্তা না হয়েও ৮ম বিসিএস এর একজন কর্মকর্তা হিসেবে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির আবেদন করেন এবং স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশের আলোকে আপনাকে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করা হয়;

যেহেতু, তথ্য গোপন করে আপনার পদোন্নতি প্রাপ্তির বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন প্রকল্পে নিয়োগের বিষয়টি গোপন করে সহযোগী অধ্যাপক পদে আপনার পদোন্নতি পাওয়ার বিষয়টি প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

২৫/০১/১৬
(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

ডাঃ কাজী আবুল হাসান (৩১২১১)
সহযোগী অধ্যাপক (পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারী)
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
(যোগাযোগ ঠিকানাঃ-রোড নং-১, হাউজ নং-৪৯/১, ধানমন্ডি, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৬.২০১৫-৭২/১(৫)

তারিখঃ ২৫.০১.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
৩। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা।
৪। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

25/01/2016
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

আপনি ডাঃ কাজী আবুল হাসান (৩১২১১) ৮ম বিসিএস এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত হয়ে ২০.১২.১৯৮৯ তারিখে সহকারী সার্জন হিসেবে সরকারি চাকুরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রকল্পে সহকারী অধ্যাপক পদে নিয়োগ প্রাপ্ত হয়ে ও রাজস্ব খাতের পূর্বপদ হতে অব্যাহতি প্রাপ্ত হয়ে গত ২৩.০৯.২০০৩ তারিখে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে যোগদান করেন;

আপনি প্রকল্পে নিয়োগ প্রাপ্ত হয়ে এবং ক্যাডারভূক্ত কর্মকর্তা না হয়েও ৮ম বিসিএস এর একজন কর্মকর্তা হিসেবে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির আবেদন করেন এবং স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশের আলোকে আপনাকে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করা হয়;

তথ্য গোপন করে আপনার পদোন্নতি প্রাপ্তির বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল স্থাপন প্রকল্পে নিয়োগের বিষয়টি গোপন করে সহযোগী অধ্যাপক পদে আপনার পদোন্নতি পাওয়ার বিষয়টি প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি আপনার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' দায়ে অভিযুক্ত হয়েছেন।

২৫/৯/১৩

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৯.২০১৫-৭৬ তারিখঃ ৩১.০১.২০১৬খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ নুসরাত ফাতিমা (১১২৩১৬), প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট, গাইনী এন্ড অবস, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলফাডাঙ্গা, ফরিদপুর গত ০৬.০৩.২০১৫খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায়, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৪.০৬.২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৯.২০১৫-৩৫১নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

৩১/০১/২০১৬
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ নুসরাত ফাতিমা (১১২৩১৬)
প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলফাডাঙ্গা, ফরিদপুর।
(স্থায়ী ঠিকানাঃ- পিতা- মোঃ নাজিম উদ্দিন, গ্রাম-লাখাই, ডাকঘর-লাখাই, থানা-লাখাই হবিগঞ্জ, জেলা-হবিগঞ্জ)
(যোগাযোগ ঠিকানা- 6. Salisbury House, Rodwel close, Ruislip, HA4 9NE, United Kingdom)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৯.২০১৫-৭৬/১(৪) তারিখঃ ৩১.০১.২০১৬খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
৩। সিভিল সার্জন, ফরিদপুর (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৩১/০১/২০১৬

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-2015-16)\Showcause\2nd showcase doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৪.২০১৬-৭৫ তারিখঃ ২১.০১.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ডাঃ উপল সীজার (৪১৭৬৬), প্রাক্তন প্রভাষক, কমিউনিটি মেডিসিন বিভাগ, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ উপল সীজার (৪১৭৬৬), প্রাক্তন প্রভাষক, কমিউনিটি মেডিসিন বিভাগ, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুরকে Surveillance Medical Officer (SMO) under World Health Organization (WHO) BAN-IVD, Dhaka পদে চাকুরি করার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৯.০৪.২০১২ তারিখের ৪৫.১৪৫.১৩২.০০.০০.০১৩.২০১২-১৯০নং স্মারকে ০১ বছরের লিয়েন মঞ্জুর করা হয় এবং পরবর্তীতে ১৬.০৯.২০১৪ তারিখের স্বাপকম/পার-৫/লিয়েন-১৫০/২০০৮(পার্ট)-১৪৪৪নং স্মারকে আপনার লিয়েনের মেয়াদ ০১.০১.২০১৫ তারিখ হতে ৩১.১২.২০১৫ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়;

যেহেতু, আপনি কর্তৃপক্ষের আদেশ অমান্য করে ০১.০১.২০১৫ তারিখ হতে ২৮.১২.২০১৫ তারিখ পর্যন্ত মঞ্জুরীকৃত লিয়েন World Health Organization (WHO) BAN-IVD, Dhaka অফিসে ভোগ না করে বিনানুমতিতে সিয়েরালিয়নে অবস্থান করেন;

যেহেতু, আপনার উপরিল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

২৮/০১/২০১৬
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ উপল সীজার (৪১৭৬৬)
প্রাক্তন প্রভাষক (কমিউনিটি মেডিসিন বিভাগ)
দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর।
(স্থায়ী ঠিকানা-পিতা-হেসাবউদ্দিন মন্ডল, গ্রাম-টকবীরভান, ইউনিয়ন-কোট্টা মাধবপাড়া, ডাকঘর-ডাঙ্গাপাড়া, জেলা-দিনাজপুর)।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৪.২০১৬-৭৫/১(৫) তারিখঃ ২১.০১.২০১৬খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)
৩। উপসচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

28/01/2016
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

ডাঃ উপল সীজার (৪১৭৬৬), প্রাক্তন প্রভাষক, কমিউনিটি মেডিসিন বিভাগ, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুরকে Surveillance Medical Officer (SMO) under World Health Organization (WHO) BAN-IVD, Dhaka পদে চাকুরি করার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৯.০৪.২০১২ তারিখের ৪৫.১৪৫.১৩২.০০.০০.০১৩.২০১২-১৯০নং স্মারকে ০১ বছরের লিয়েন মঞ্জুর করা হয় এবং পরবর্তীতে ১৬.০৯.২০১৪ তারিখের স্বাপকম/পার-৫/লিয়েন-১৫০/২০০৮(পার্ট)-১৪৪৪নং স্মারকে তার লিয়েনের মেয়াদ ০১.০১.২০১৫ তারিখ হতে ৩১.১২.২০১৫ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। তিনি কর্তৃপক্ষের আদেশ অমান্য করে ০১.০১.২০১৫ তারিখ হতে ২৮.১২.২০১৫ তারিখ পর্যন্ত মঞ্জুরীকৃত লিয়েন World Health Organization (WHO) BAN-IVD, Dhaka অফিসে ভোগ না করে বিনানুমতিতে সিয়েরালিয়নে অবস্থান করেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৮.২০১৫- ৮৪ তারিখঃ ০২.০১.২০১৬খ্রিঃ

**আদেশ**

যেহেতু, ডাঃ সৈয়দ ইকবাল মাযহার (৩২৬৬৩), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৮.১০.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৮.২০১৫-৭১৪নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৮.১১.২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-৫ অধিশাখার ২৭.১২.২০১৫ তারিখের স্বাপকম/লিয়েন-১৯/২০০৯-১২৮০নং আদেশে তার ০৩.০৫.২০১৫ তারিখ হতে ১৬.০৯.২০১৫ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে ভূতাপেক্ষভাবে লিয়েন মঞ্জুর করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ সৈয়দ ইকবাল মাযহার (৩২৬৬৩), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

০১/০২/২০১৬
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৮.২০১৫- ৮৪/১(৮) তারিখঃ ০২.০১.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। ডাঃ সৈয়দ ইকবাল মাযহার (৩২৬৬৩), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।

০২/০২/২০১৬
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd